নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৬৭ ১৬ সেপ্টেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ফুড সিস্টেমস্ ইউথ লিডারশিপ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ফুড সিস্টেমস্ ইউথ লিডারশিপ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স (এফটিএনএস) বিভাগে আয়োজিত তিন দিনব্যাপী প্রশিক্ষণের এ সমাপনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এফটিএনএস বিভাগকে এরকম একটি লিডারশিপ প্রশিক্ষণ আয়োজনের জন্য ধন্যবাদ জানাই। আমাদের শিক্ষার্থীরা ছাত্রজীবনেই লিডারশিপ বিষয়ক প্রশিক্ষণ পাচ্ছে এটা অত্যন্ত প্রশংসনীয়। আমদের খাবারের সেইফটি যেনো নিশ্চিত থাকে এবং তা যেনো আমাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। এ সময় তিনি প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আপনারা আপনাদের অর্জিত জ্ঞানকে ছড়িয়ে দিবেন যেনো তা সমাজ এবং দেশের জন্য কাজে লাগে। তরুণ সমাজ এগিয়ে আসলে আমরা খাবারের নিরাপত্তা নিশ্চিত করতে পারবো।

নোবিপ্রবি এফটিএনএস বিভাগের চেয়ারম্যান ড. মানসুরা মকবুলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নোয়াখালী সদরের উপজেলা কৃষি কর্মকর্তা মো. মোশরেফুল হাসান, ফুড সেইফটি অফিসার শামসুল আরেফিন, এইচ.এস.বি.ও এর এক্সিকিউটিভ ডিরেক্টর ফাহিদা সুলতানা।

উল্লেখ্য, নোবিপ্রবি এফটিএনএস বিভাগ এবং নিড এসিসটেন্স এর সহযোগিতায় গ্লোবাল অ্যালায়েন্স ফর ইমপ্রুভড নিউট্রিশন (GAIN) এবং সান ইউথ নেটওয়ার্ক বাংলাদেশ এর আয়োজনে অনুষ্ঠিত ওই প্রশিক্ষণে নোবিপ্রবিসহ দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ৩২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সমাপনী অনুষ্ঠানে নোবিপ্রবি এফটিএনএস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪